

*** অনলাইনে মনোনয়নপত্র দাখিলের নির্দেশনাবলী ***

- অনলাইনে মনোনয়নপত্র দাখিলের জন্য প্রথমে ওয়েব সাইড <https://onss.ecs.gov.bd> এ প্রবেশ করুন এবং 'রেজিস্ট্রেশন লিংক' ক্লিক করে রেজিস্ট্রেশন সম্পন্ন করুন।
- শুধুমাত্র সংশ্লিষ্ট উপজেলার ভোটারগণ ঐ উপজেলায় 'উপজেলা পরিষদ নির্বাচনে' প্রতিদ্বন্দ্বী প্রার্থী হিসাবে অনলাইনে মনোনয়ন দাখিল করতে পারবে। সংশ্লিষ্ট উপজেলা ব্যতিত এক উপজেলার ভোটার অন্য উপজেলায় প্রতিদ্বন্দ্বী প্রার্থী হিসাবে মনোনয়ন দাখিল করতে পারবে না।
- রেজিস্ট্রেশন সম্পন্ন করতে 'রেজিস্ট্রেশন করুন' বাটন এ ক্লিক করার পর ফেস ভেরিফিকেশন এর জন্য popup আসবে 'ছবি তুলুন' এবং পরবর্তীতে 'যাচাই করুন' বাটন এ ক্লিক করার মাধ্যমে রেজিস্ট্রেশন প্রক্রিয়া সম্পন্ন করতে হবে। আপনার দেয়া সকল তথ্য ভোটার ডাটাবেজের সাথে মিল পাওয়া গেলে রেজিস্ট্রেশন সম্পন্ন হবে, তাছাড়া ছবি বা প্রদেয় তথ্যে কোন গরমিল থাকলে রেজিস্ট্রেশন হবে না।
- রেজিস্ট্রেশন সফলভাবে সম্পন্ন হলে যে মোবাইল নাম্বার দিয়ে রেজিস্ট্রেশন করা হয়েছে, সেই মোবাইল নাম্বারে ইউজার আইডি এবং এককালীন পাসওয়ার্ড প্রেরণ করা হবে। ইউজার আইডি এবং পাসওয়ার্ড সতর্কতার সাথে সংরক্ষণ করুন।
- লগইন পেইজে প্রদত্ত ইউজার আইডি এবং পাসওয়ার্ড ব্যবহার করে লগইন করুন। এর পর নতুন করে পাসওয়ার্ড রিসেট করুন এবং নতুন পাসওয়ার্ডটি সংরক্ষণ করুন।
- প্রার্থীর ড্যাশবোর্ডের বামপাশের মেনু হতে পর্যায়ক্রমে প্রার্থী মনোনয়ন, প্রার্থীর ব্যক্তিগত তথ্যাদি, প্রার্থীর হলফনামা, নির্বাচনী ব্যয়, সম্পদ ও দায়, প্রার্থীর ফাইল সংযুক্তিকরণ, জামানত এবং চূড়ান্ত দাখিল এর ধাপসমূহ সম্পন্ন করুন।
- সঠিকভাবে মনোনয়নপত্র দাখিল করা হলে মোবাইলে বার্তার মাধ্যমে নিশ্চিত করা হবে।
- প্রার্থীর মনোনয়নপত্র দাখিলের পর, যাচাই-বাছাইয়ের প্রতিটি স্ট্যাটাস মোবাইলে বার্তার মাধ্যমে প্রার্থীকে জানানো হবে।

অনলাইনে মনোনয়নপত্র দাখিল করতে হলে নিম্নোক্ত ডকুমেন্টস এর স্ক্যানড কপি প্রয়োজন হবে:

- প্রার্থীর সদ্য তোলা রঞ্জীন পাসপোর্ট সাইজের ছবি (jpeg/jpg ফরম্যাট)
- স্ট্যাম্প পেপারে যথাযথ স্থানে ম্যাজিস্ট্রেট/নোটারী পাবলিকের স্বাক্ষরিত হলফনামা (প্রার্থীর মনোনয়ন সমাপ্তের পর হোম পেজ থেকে মনোনয়ন পত্র ডাউনলোড করে স্ট্যাম্প পেপারে প্রিন্ট করতে হবে, pdf ফরম্যাট)
- রাজনৈতিক দলের প্রত্যয়নপত্র (প্রযোজ্য ক্ষেত্রে, pdf ফরম্যাট)
- আয়কর রিটার্নের কপি, সম্পদের বিবরণী ও সর্বশেষ আয়কর পরিশোধের প্রমাণপত্র/রশিদ (pdf ফরম্যাট)
- সর্বোচ্চ শিক্ষাগত যোগ্যতার সত্যায়িত সনদপত্র (pdf ফরম্যাট)
- ইউটিলিটি বিল (pdf ফরম্যাট)
- ভোটার তালিকার সিডি কেনার রশিদ (pdf ফরম্যাট)
- অন্যান্য কাগজপত্র (pdf ফরম্যাট)